

তারিখঃ ০৯/০২/২০২৫ খ্রি.


বিজ্ঞপ্তি


রাঙ্গামাটি সরকারি কলেজের ছাত্র-ছাত্রী ও সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, আগামী ২৩ ও ২৪ ফেব্রুয়ারি-২০২৫ খ্রি. তারিখ কলেজের বার্ষিক অন্তঃক্রীড়া প্রতিযোগিতা-২০২৫ অনুষ্ঠিত হবে। উক্ত প্রতিযোগিতায় অংশগ্রহণ করতে ইচ্ছুক শুধুমাত্র নিয়মিত ছাত্র-ছাত্রীদেরকে নিম্নবর্ণিত নিয়মাবলি অনুসরণ করে আগামী ১৭/০২/২০২৫ খ্রি. তারিখের মধ্যে প্রশাসনিক ভবনের অফিস কক্ষের সামনে রক্ষিত 'অন্তঃক্রীড়া' নামাঙ্কিত নির্ধারিত বাক্সে আবেদন জমাদানের জন্য নির্দেশ দেয়া গেল।

প্রতিযোগিতার ইভেন্টসমূহ	
ছাত্র	ছাত্রী
১. ক্যারম (একক)	১. ক্যারম (একক)
২. ক্যারম (দ্বৈত)	২. ক্যারম (দ্বৈত)
৩. দাবা	৩. দাবা
৪. টেবিল টেনিস (একক)	৪. ব্যাডমিন্টন (একক)
৫. টেবিল টেনিস (দ্বৈত)	৫. ব্যাডমিন্টন (দ্বৈত)
৬. বুড়িতে বল নিক্ষেপ (উন্মুক্ত)	৬. বুড়িতে বল নিক্ষেপ (উন্মুক্ত)

নিয়মাবলি:

- প্রতিযোগিতায় অংশগ্রহণে ইচ্ছুক ছাত্র-ছাত্রীদেরকে A-4 সাইজ কাগজে ইভেন্টের নাম, নিজের নাম, শ্রেণি, রোল নম্বর, শিক্ষাবর্ষ, বিভাগ, মোবাইল নম্বর লিখে কলেজ পরিচয়পত্রের ফটোকপিসহ (ID Card) প্রশাসনিক ভবনের অফিস কক্ষের সামনে রক্ষিত 'অন্তঃক্রীড়া' নামাঙ্কিত নির্ধারিত বাক্সে জমা দিতে হবে। যেসকল শিক্ষার্থী কলেজ পরিচয়পত্র এখনও পায়নি, তাদেরকে সর্বশেষ ভর্তি রশিদের ফটোকপি জমা দিতে হবে।
- প্রতিযোগিতার দ্বৈত বিষয়ের ক্ষেত্রে প্রতিযোগী এবং তার অংশীদার (Partner) এর নাম একসাথে একই কাগজে উপরোক্ত নিয়মে জমা দিতে হবে।
- একজন প্রতিযোগী সর্বোচ্চ ০৩ (তিন) টি ইভেন্টে অংশগ্রহণ করতে পারবে।
- নাম জমাদানের শেষ তারিখ ও সময়: ১৭/০২/২০২৫ খ্রি. দুপুর ১:০০ টা। উক্ত সময়ের পর আর কোনো অংশগ্রহণকারীর নাম জমা নেয়া হবে না।
- ক্রীড়া প্রতিযোগিতায় কোনো আপত্তি/অভিযোগ উত্থাপিত হলে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।


(প্রফেসর মো. আবু ছেয়দ চৌধুরী)
আইডি নং- ৭৫৯০
অধ্যক্ষ
রাঙ্গামাটি সরকারি কলেজ
রাঙ্গামাটি পার্বত্য জেলা


আহ্বায়ক
বার্ষিক অন্তঃক্রীড়া প্রতিযোগিতা-২০২৫ কমিটি
রাঙ্গামাটি সরকারি কলেজ
রাঙ্গামাটি পার্বত্য জেলা

অবগতির জন্য প্রেরিত হলো:

- উপাধ্যক্ষ/আহ্বায়ক, APA টীম, রাঙ্গামাটি সরকারি কলেজ, রাঙ্গামাটি;
- সম্পাদক, শিক্ষক পরিষদ, রাঙ্গামাটি সরকারি কলেজ, রাঙ্গামাটি;
- বিভাগীয় প্রধান, বিভাগ, রাঙ্গামাটি সরকারি কলেজ, রাঙ্গামাটি;
- জনাব..... আহ্বায়ক/সদস্য, বার্ষিক অন্তঃক্রীড়া প্রতিযোগিতা-২০২৫ কমিটি, রাসক;
- হিসাব সহকারী, রাঙ্গামাটি সরকারি কলেজ, রাঙ্গামাটি;
- ডাটা এন্ট্রি অপারেটর, রাঙ্গামাটি সরকারি কলেজ, রাঙ্গামাটি। তাকে বিজ্ঞপ্তিটি কলেজ ওয়েবসাইটে প্রচার করার জন্য নির্দেশ দেয়া গেল।
- সংরক্ষণ নথি।